

ঢাকা বিশ্ববিদ্যালয়: ভূমিকম্পে আতঙ্ক, হড়েছড়িতে আহত, ক্লাস-পরীক্ষা স্থগিত

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ২২ নভেম্বর ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার সন্ধ্যা ছয়টার দিকে পরপর দুটি ভূমিকম্প অনুভূত হলে শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ছাত্রী হলগুলোতে কয়েকজন শিক্ষার্থী সিঁড়ি দিয়ে নামতে গিয়ে হড়েছড়ির সময় আহত হন। এ অবস্থায় আগামীকাল রোববার বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ক্লাস ও পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ভূমিকম্পের কারণে কিছু শিক্ষার্থী আহত হয়েছেন এবং শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়েছে। এই পরিস্থিতিতে আগামীকাল (২৩ নভেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ সব ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হলো। স্থগিত হওয়া পরীক্ষার নতুন সময়সূচি পরে জানানো হবে।

আজ সন্ধ্যার ভূমিকম্পের সময় শামসুন নাহার হলে তিনজন, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলে একজন ও রোকেয়া হলে একজন শিক্ষার্থী সিঁড়ি দিয়ে নামার সময় আহত হন বলে জানা গেছে।

এর আগে গতকাল শুক্রবার সকালে মাঝারি মাত্রার ভূমিকম্পে আতঙ্কিত হয়ে ঢাকার বিভিন্ন হলে অন্তত চার শিক্ষার্থী ভবন থেকে লাফ দিয়ে গুরুতর আহত হন। সব মিলিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভূমিকম্প-সংশ্লিষ্ট ঘটনায় কমপক্ষে ১০ শিক্ষার্থীর আহত হওয়ার খবর পাওয়া গেছে। ভূমিকম্পের প্রভাবে মুহসীন হলসহ কয়েকটি আবাসিক হলের ভবনের পলেঙ্গারা খসে পড়ার ঘটনাও ঘটেছে।